দৈনিক
ইনকিলাব

তারিখ 03 JAN 2006
পৃষ্ঠা কলাম

# বিভিন্ন স্থানে ছাত্রদলের প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

অভ্যন্তরীণ ডেস্ক

গত রবিবার ছিল জাতীয়তাবাদী ছাত্রদলের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী। দেশের বিভিন্ন স্থানে স্থানীয় ছাত্রদল বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, মিলাদ মাহফিলের মধ্য দিয়ে দিনটি উদ্‌যাপন করেছে। সারাদেশের মত বোদা, মধুপুর, পীরগঞ্জ, কালীগঞ্জ, গলাচিপা ও রামগতি উপজেলায় দিবসটি পালিত হয়।

**বোদা (পঞ্চগড়)** উপজেলা সংবাদদাতা জানান, বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, মিলাদ মাহফিলের মধ্য দিয়ে বোদায় জাতীয়তাবাদী ছাত্রদলের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে ছাত্রদল বোদা থানা ও পৌর শাখার উদ্যোগে গত রবিবার দলীয় কার্যালয় হতে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। মিছিল শেষে ডাকবাংলো চত্বরে মিলাদ মাহফিল শেষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুল আজিজ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন আক্তার হোসেন হাসান ও আসাদুল্লাহ আসাদ। দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বিপ্লব হোসেন বাবু, মিজানুর রহমান টিটু, সাগর, আকাশ, নাসির, ফয়জুল ও হাফিজ বক্তব্য রাখেন।

**মধুপুর (টাঙ্গাইল)** উপজেলা সংবাদদাতা জানান, মধুপুরে জাতীয়তাবাদী ছাত্রদলের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী ব্যাপক ও বর্ণাঢ্য কর্মসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে। কর্মসূচীর মধ্যে ছিল জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, র‍্যালি, লাঠিবাড়ি খেলা ও আলোচনা সভা। দলীয় কার্যালয়ে গত রবিবার থানা ছাত্রদলের সভাপতি এম. রতন হায়দারের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন বিএনপি'র কেন্দ্রীয় কমিটির সদস্য ফকির মাহবুব আনাম স্বপন, থানা বিএনপি'র সিনিয়র সহসভাপতি সাবেক এমপি খন্দকার আনোয়ারুল হক, থানা বিএনপি'র সাধারণ সম্পাদক জাকির হোসেন সরকার, পৌর চেয়ারম্যান ও বিএনপি নেতা সরকার সহিদুল ইসলাম শহিদ, আব্দুর রাজ্জাক জিহাদী, সাইফুদ্দিন মামুন, নাছিরউদ্দিন, হুমায়ুন কবির তালুকদার, বিকাশ চন্দ্র ঘোষ, আব্দুল মান্নান, হাবিবুর রহমান বাবলু, আহসান হাবিব তারা, সাদের আলী, মনিরুল ইসলাম সাগর, মোতালেব হোসেন, সরকার মনিরুজ্জামান প্রমুখ। এর আগে একটি বিশাল র‍্যালি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

**পীরগঞ্জ (ঠাকুরগাঁও)** উপজেলা সংবাদদাতা জানান, পীরগঞ্জ উপজেলার জাতীয়তাবাদী ছাত্রদলের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে উপজেলা ছাত্রদল আয়োজিত এক আলোচনা সভা স্থানীয় ওয়াপদা রেস্টহাউজ প্রাঙ্গণে ছাত্রদল সভাপতি তরিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা বিএনপির সভাপতি এমএ গফফার, সম্পাদক জাহিদর রহমান জাহিদ, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক ওবায়দুল্লাহ মাসুদ, মুক্তিযোদ্ধা কমান্ডার আনছারুল আলম ময়না, পৌর বিএনপির সভাপতি এম এ মান্নান, সম্পাদক রেজাউল করিম রেজা, যুবদল সভাপতি প্রভাষক মুনছুর কামাল নান্নু, সম্পাদক নাজমুল হুদা মিঠু প্রমুখ বক্তব্য রাখেন। সভা শেষে এক বর্ণাঢ্য র‍্যালি পীরগঞ্জ পৌর শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে রেস্ট হাউজে এসে শেষ হয়।

**কালীগঞ্জ (ঝিনাইদহ)** উপজেলা সংবাদদাতা জানান, কালীগঞ্জ ছাত্রদলের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হয়েছে। এ উপলক্ষে কালীগঞ্জ পৌর ছাত্রদলের সভাপতি আসিফ আনোয়ার পরাগের নেতৃত্বে এক সমাবেশ ও বর্ণাঢ্য র‍্যালি শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে। উক্ত সমাবেশে বক্তব্য রাখেন বিএনপি নেতা আনোয়ারুল ইসলাম উলফা, আলাউদ্দিন আলী, ছাত্রনেতা মাহাবুবুর রহমান টিটো প্রমুখ।

**গলাচিপা (পটুয়াখালী)** উপজেলা সংবাদদাতা জানান, গলাচিপা উপজেলা ছাত্রদল গত রবিবার দু'গ্রুপ ভিন্ন ভিন্নভাবে দলের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন করে। সকাল ১০টায় উপজেলা ছাত্রদলের সভাপতি মাসুম বিল্লাহ মাসুমের নেতৃত্বে এক বর্ণাঢ্য মিছিল বের হয়। মিছিল শেষে দলীয় কার্যালয়ের সামনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা ছাত্রদলের সভাপতি মাসুম বিল্লাহ মাসুম। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সভাপতি আলহাজ্ব শাহজাহান খান। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি সোহরাব হোসেন, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক ওমর ফারুক, উপজেলা ছাত্রদল সাধারণ সম্পাদক মোঃ কামাল হোসেন, গলাচিপা ডিগ্রী কলেজের ভিপি শহীদুল ইসলাম মোল্লা প্রমুখ। অপরদিকে ছাত্রদল গলাচিপা ডিগ্রী কলেজের সাধারণ সম্পাদক জসিমউদ্দিনের নেতৃত্বে সকাল সাড়ে ১০টায় একটি মিছিল বের হয়। মিছিল শেষে বিএনপির অপর কার্যালয়ের সামনে আলোচনা সভায় সভাপতিত্ব করেন ছাত্রদল কলেজ শাখার সাধারণ সম্পাদক জসিমউদ্দিন। প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক পৌর চেয়ারম্যান আবু তালেব মিয়া। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন গলাচিপা উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মাওলানা আঃ খালেক, পৌর বিএনপির ছাত্রবিষয়ক সম্পাদক সাইমুন রহমান সবুজ, জেলা যুবদলের সহসভাপতি মাসুম বিল্লাহ, উপজেলা যুবদলের সিনিয়র সহসভাপতি মোঃ মশিউর রহমান শাহীন, উপজেলা ছাত্রদলের সিনিয়র সহসভাপতি সালাউদ্দিন রনি প্রমুখ।

**রামগতি (লক্ষীপুর)** উপজেলা সংবাদদাতা জানান, গত রবিবার ছাত্রদলের ২৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে রামগতি উপজেলা ছাত্রদলের উদ্যোগে আলেকজান্ডারে এক বর্ণাঢ্য র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উপজেলা ছাত্রদলের সভাপতি আবু ছায়েম মোঃ শাহীনের সভাপতিত্বে আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক জহিরউদ্দিন বাবর, পৌর ছাত্রদলের সাধারণ সম্পাদক শিবির আহাম্মেদ, উপজেলা ছাত্রদলের সহসভাপতি মাহবুব আলম, শাহ আব্বাছ মজনু, শাহাদাত হোসেন জিয়া, সাহেদ, নুরুল আমিন, রাসেল খান, মীর আরাফাত, বেলাল উদ্দিন, হারুনুর রশিদ প্রমুখ।